

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৪৫৯

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ কোন ব্যক্তি ঘুম ও ভুলে যাওয়া ছাড়াই যদি (ইচ্ছাকৃতভাবে) সালাত আদায় না করে, এমনকি সালাতের সময় শেষ হয়ে যায়, তবে এর মাধ্যমে সেই ব্যক্তি কাফের হয়ে যায় না মর্মে সপ্তম হাদীস

ذِكْنُ خَبَرٍ سَابِعٍ يَدُلُّ عَلَى أَنَّ تَارِكَ الصَّلَاةِ مِنْ غَيْرِ نِسْيَانٍ وَلَا نَوْمٍ حَتَّى يَخْرُجَ وَقْتُهَا لَا يَكْفُنُ بذَلِكَ كُفْرًا يَكُونُ ضِدُّ الإسلام

আরবী

1459 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يَحْيَى الذُّهْلِيُّ حَدَّثَنَا يَزِيدُ بْنُ هَارُونَ أَخْبَرَنَا هِشَامٌ عَنِ الْحَسَنِ: عَنْ عِمْرَانَ بْنِ حُصَيْنِ قَالَ: سِرْنا مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَلَمَّا كَانَ مِنْ آخِرِ اللَّيْلِ عرَّسنا فَغَلَبَتْنَا أَعْيُنُنَا وَمَا أَيْقَظَنَا إِلَّا حَرُّ الشمس عَلَيْهِ وَسَلَّمَ فَلَمَّا كَانَ مِنْ آخِرِ اللَّيْلِ عرَّسنا فَغَلَبَتْنَا أَعْيُنُنَا وَمَا أَيْقَظَنَا إِلَّا حَرُّ الشمس فكان الرجل يقوم إلى وضوءه دَهِشًا فَأَمْرَهُمْ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فكان الرجل يقوم إلى وضوءه دَهِشًا فَأَمْرَهُمْ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فعوضي وَا ثُمَّ أَمَرَ بِلَالًا فَأَذَّنَ ثُمَّ صَلُوا رَكْعَتَى الْفَجْرِ ثُمَّ أَمْرَهُ فَأَقَامَ فَصَلَّى الْفَجْر فَقَالُوا: يَا رَسُولُ اللَّهِ فَرَّطْنَا أَفَلَا نُعِيدُهَا لِوَقْتِهَا مِنَ الْغَدِ؟ فَقَالَ: (يَنْهَاكُمْ رَبُّكُمْ عَنِ الرِّبَا ويقبله منكم؟ إنما التفريط في اليقظة)

الراوي: عِمْرَان بْن حُصَيْنِ المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1459 ا خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১৪৫৯. ইমরান বিন হুসাইন রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "আমরা একবার রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে সফরে চলছিলাম, যখন শেষ রাত্রি হলো তখন আমরা বিশ্রামের জন্য যাত্রা বিরতি দিলাম অতঃপর ঘুম আমাদেরকে পরাভূত করে ফেলে ফলে আমরা রোদের তাপেই ঘুম থেকে জাগ্রত হলাম। লোকজন ভীত বিহবল হয়ে ওয়ু করার দিকে গমন করেন। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাদেরকে ওয়ু করার নির্দেশ দিলে, লোকজন ওয়ু করে নেন। তারপর তিনি বিলাল রাদ্বিয়াল্লাহু আনহুকে আযান দেওয়ার আদেশ করেন ফলে তিনি আযান দেন। তারপর তাঁরা ফজরের দুই রাকাআত সুন্নাত আদায় করেন। তারপর তিনি



বিলাল রাদ্বিয়াল্লাহু আনহুকে ইকামত দেওয়ার আদেশ করেন ফলে তিনি ইকামত দেন। অতঃপর তিনি ফজরের ফর্য সালাত আদায় করেন। তখন লোকজন বলেন, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমরা তো ক্রটি করেছি। কাজেই আমরা কি আগামীকাল যথাসময়ে এই সালাত পুণরায় আদায় করবো না?" তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "তোমাদের প্রতিপালক সুদকে (বর্ধিত গ্রহণ করাকে) নিষেধ করেছেন, অথচ তিনি তোমাদের থেকে তা (বর্ধিত ইবাদত) গ্রহণ করবেন? জেনে রেখো, নিশ্চয়ই অবহেলা হয় জাগ্রত অবস্থায়।"[1]

ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ৯৯৪; মুসনাদ আহমাদ: ৪/৪৪১; দারাকুতনী: ১/৩৮৫; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/৪০০; সুনান বাইহাকী: ২/২১৭; মুসনাদ ইমাম শাফে'ঈ: ১/৫৪-৫৫; আবূ দাউদ: ৪৪৩; মুসানাফ আব্দুর রাযযাক: ২২৪১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৪৭০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ ইমরান ইবনু হুসায়ন (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন